



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ০৭.১১.২০১৯ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল ও ক্যাফেটোরিয়া তাৎক্ষণিক ভাবে পরিদর্শন করলেন নবনিযুক্ত উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন) তাৎক্ষণিক ভাবে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল ও কেন্দ্রীয় ক্যাফেটোরিয়া পরিদর্শন করেন। উপাচার্য মহোদয় ৩টি হলের শিক্ষার্থীদের সাথে কথা বলেন এবং তাদের খোঁজখবর নেন। এসময় শিক্ষার্থীরা তাদের বিভিন্ন সমস্যা উপাচার্য মহোদয়ের কাছে তুলে ধরলে তিনি তা সমাধানের আশ্বাস দেন। উপাচার্য মহোদয় হল গুলোর রিডিং রুম, কমনরুম, মসজিদ, ডাইনিং এর কার্যক্রম প্রত্যক্ষ করেন। এসময় তাঁর সাথে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, প্রক্টর, বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, পরিচালক, দপ্তরপ্রধান, সংশ্লিষ্ট হল সমূহের শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এরপর উপাচার্য মহোদয় সকলকে সাথে নিয়ে কেন্দ্রীয় ক্যাফেটোরিয়া পরিদর্শন করেন এবং সেখানে উপস্থিত শিক্ষার্থীদের সাথেও কথা বলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস